বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি




# বাজেট

## ২০২৩-২০২৪

## কুমিল্লা সিটি কর্পোরেশন

www.cocc.gov.bd

# কুমিল্লা সিটি কর্পোরেশন

cocc.portal.gov.bd

# কুমিল্লা সিটি কর্পোরেশন

cocc.portal.gov.bd

## সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | কুমিল্লা সিটি কর্পোরেশন ম্যাপ | ০২ |
| ০২ | সিটি কর্পোরেশনের পরিষদের পরিচিতি | ০৩-০৫ |
| ০৩ | সিটি কর্পোরেশনের বিভিন্ন কর্মকান্ডের আলোকচিত্র | ০৬-০৭ |
| ০৪ | বিভাগীয় ও শাখা প্রধানদের সভার রেজুলেশন | ০৮ |
| ০৫ | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সভার রেজুলেশন | ০৯ |
| ০৬ | মাসিক সভার রেজুলেশন | ১০-১১ |
| ০৭ | মেয়র মহোদয়ের বাজেট ভাষণ | ১২-১৯ |
| ০৮ | বাজেটের সার সংক্ষেপ | ২০ |
| ০৯ | বিস্তারিত বাজেট | ২১-২৯ |
| ১০ | মেয়র ও কাউন্সিলরদের সম্মানি ভাতা এবং কর্মকর্তা ও কর্মচারীদের ভাতার বিবরণ | ৩০-৩৯ |
| ১১ | সিটি কর্পোরেশনের জন্য বাজেট এবং একাউন্টিং ক্লাসিফিকেশন সিস্টেম (BACS) এর আদলে ইউনিফাইড বাজেট | ৪০-৪৫ |

# এক নজরে কুমিল্লা সিটি কর্পোরেশন

- ❖ স্থাপিত ঃ ১০ জুলাই, ২০১১খ্রিঃ
- ❖ ওয়ার্ড ঃ ২৭টি
- ❖ আয়তন ঃ ৫৩.০৪ বর্গ কিঃমিঃ
- ❖ জনসংখ্যা ঃ ৮ লক্ষাধিক

## সিটি কর্পোরেশনের ম্যাপ



# মাননীয় মেয়র আরফানুল হক রিফাত



## প্যানেল মেয়রদের নাম



**হাবিবুর আল-আমিন সাদী**
মেয়রের প্যানেল সদস্য-০১
কাউন্সিলর, ওয়ার্ড নং-১১



**মোঃ মঞ্জুর কাদের (মনি)**
মেয়রের প্যানেল সদস্য-০২
কাউন্সিলর, ওয়ার্ড নং-১০



**কাউছারা বেগম**
মেয়রের প্যানেল সদস্য-০৩
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ০১ (১, ২, ৩)



**কাউছারা বেগম**
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ০১ (১, ২, ৩)
মোবাইল- ০১৭২৬-৮২০৬৫৪



**নাদিয়া নাসরিন**
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ২ (৪, ৫, ৬)
মোবাইল- ০১৯২৬-১৩৩২৯৮



**উম্মে কুলসুম**
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৩ (৭, ৮, ৯)
মোবাইল- ০১৭২৭-৫১৮১৫১



**রুমা আক্তার**
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৪ (১০, ১১, ১২)
মোবাইল- ০১৭১১-৩৪২৯৪৮



**নুরজাহান আলম (পুতুল)**
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৫ (১৩, ১৪, ১৫)
মোবাইল- ০১৭১১-৩০৭৪২৯



**নেহার বেগম**
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৬ (১৬, ১৭, ১৮)
মোবাইল- ০১৯১৮-৭০৮৭৮৮



**তাহমিনা আক্তার**
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৭ (১৯, ২০, ২১)
মোবাইল- ০১৭৫৮-০৩৪৩১১



**ফারহানা পারভীন**
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৮ (২২, ২৩, ২৪)
মোবাইল- ০১৭২৭-২৮৭৯৮৮



**শাহীন আক্তার**
সংরক্ষিত আসনের কাউন্সিলর
ওয়ার্ড নং- ০৯ (২৫, ২৬, ২৭)
মোবাইল- ০১৮৬৩-১৪০১৬৫



**কাজী গোলাম কিবরিয়া**
কাউন্সিলর, ওয়ার্ড নং-০১
মোবাইল- ০১৭১১-৩৯১৪৪২



**গাজী গোলাম ছারোয়ার**
কাউন্সিলর, ওয়ার্ড নং-০২
মোবাইল- ০১৭৩৩-৪১৯৫৮১



**সরকার মাহমুদ জাবেদ**
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৩
মোবাইল- ০১৭১১-৩২২৩৪১



**মোঃ নাছির উদ্দিন নাজিম**
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৪
মোবাইল- ০১৯১১-৪১৯২৮৮



**সৈয়দ রায়হান আহমেদ**
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫
মোবাইল- ০১৭১৭-০৩২০৮০



**মোঃ আমিনুল ইকরাম**
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
মোবাইল- ০১৭১৫-৮২৬০৬০



**মোঃ আব্দুর রহমান**
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭
মোবাইল- ০১৭১১-৩১৬৮৬৮



**মোহাম্মদ একরাম হোসেন**
কাউন্সিলর, ওয়ার্ড নং-০৮
মোবাইল- ০১৭১১-১৭৬৬৭৬



**জমীর উদ্দিন খান জম্পি**
কাউন্সিলর ওয়ার্ড নং-০৯
মোবাইল- ০১৭১১-৩২৯০৪৮



**মোঃ মঞ্জুর কাদের (মনি)**
কাউন্সিলর, ওয়ার্ড নং-১০
মোবাইল- ০১৭১১-১০১৯৬০



**হাবিবুর আল-আমিন সাদী**
কাউন্সিলর, ওয়ার্ড নং-১১
মোবাইল-০১৭১১-১৪৯১১৫



**কাজী জিয়াউল হক**
কাউন্সিলর, ওয়ার্ড নং-১২
মোবাইল- ০১৭১১-৩৪৫৯৫১



**মোঃ রাজিউর রহমান**
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩
মোবাইল- ০১৯৭৯-০০২২৩৩



**আবুল কালাম আজাদ**
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৪
মোবাইল- ০১৭৪৩-৯০২০৮২



**সাইফুল বিন জলিল**
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৫
মোবাইল- ০১৮১৫-২৮০০০১



**মোঃ জাহাঙ্গীর হোসেন বাবুল**
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬
মোবাইল- ০১৭১১-৩৪১১৬২



**হানিফ মাহমুদ**
কাউন্সিলর ওয়ার্ড নং-১৭
মোবাইল- ০১৭১৭-৮৩৪৬৬৮



**মোহাম্মদ শওকত আকবর**
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৮
মোবাইল- ০১৮১৮-৭৫৯০৯৭



**মোঃ রেজাউল করিম**
কাউন্সিলর, ওয়ার্ড নং-১৯
মোবাইল- ০১৭৪০-৯৯৩৪৯৬



**মোঃ আনোয়ার হোসেন**
কাউন্সিলর, ওয়ার্ড নং-২০
মোবাইল- ০১৭১৮-৩৭২৬৮৭



**কাজী মাহবুবুর রহমান**
কাউন্সিলর, ওয়ার্ড নং-২১
মোবাইল- ০১৭১১-৩৩৭৬৪৫



**মোঃ আজাদ হোসেন**
কাউন্সিলর, ওয়ার্ড নং-২২
মোবাইল- ০১৭১১-৭১৬৩০১



**মোঃ আনিসুজ্জামান**
কাউন্সিলর, ওয়ার্ড নং-২৩
মোবাইল- ০১৭৩৩-৫৪৩২৮৩



**মোঃ মহিবুর রহমান**
কাউন্সিলর, ওয়ার্ড নং-২৪
মোবাইল- ০১৭১১-৩২২৩৬৮



**মোঃ এমদাদুউল্লাহ**
কাউন্সিলর, ওয়ার্ড নং-২৫
মোবাইল- ০১৭২০-৮৪১৪৭৭



**মোঃ আব্দুস সত্তার**
কাউন্সিলর, ওয়ার্ড নং-২৬
মোবাইল- ০১৮১৭-০৮২৭১৭



**মো: আবুল হাসান**
কাউন্সিলর, ওয়ার্ড নং-২৭
মোবাইল- ০১৯২১-৪৭৪৮৮০




মাসিক সাধারণ সভা



অর্থ ও সংস্থাপন সংক্রান্ত স্থায়ী কমিটির সভা



বিভাগীয় ও শাখা প্রধানদের নিয়ে বাজেট সভা



ভিটামিন এ ক্যাম্পেইন



বই উৎসবে বই বিতরণ



লালকার্ড বিতরণ



উন্নয়নমূলক কাজের ভিত্তি প্রস্তর স্থাপন



চকবাজার বাসটার্মিনাল



গোমতী পাড়স্থ সংরাইশ কালাচান্দ দিঘী রিটেইনিং ওয়াল ও ফুটপাত



চকবাজার বাস টার্মিনাল উন্নয়নমূলক কাজের একাংশ



খাল পরিস্কার কার্যক্রম



রাজাপাড়া হইতে ধনেশ্বর ড্রেন নির্মাণ কার্যক্রম



জগন্নাথ মন্দির এপ্রোচ রোড



গাইড ওয়াল নির্মাণ কার্যক্রম



ড্রেন পরিস্কার কার্যক্রম



সাব বেইস থিকনেস পরীক্ষা

# কুমিল্লা সিটি কর্পোরেশন

নগর ভবন, কুমিল্লা
(cocc.portal.gov.bd)

## ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রণয়নে বিভাগ ও শাখা কর্মকর্তাদের অংশগ্রহণে বাজেট আলোচনা সভা

সভাপতি : ড. সফিকুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা,
কুমিল্লা সিটি কর্পোরেশন
স্থান : প্রধান নির্বাহী কর্মকর্তার অফিস কক্ষ
তারিখ : ১০/০৫/২০২৩ খ্রি.
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট প্রণয়নে বিভাগ ও শাখা হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত নিয়ে আলোচনার সূত্রপাত করেন। তিনি বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রণয়নের লক্ষ্যে সকল বিভাগ ও শাখার প্রয়োজনীয় তথ্য-উপাত্তসমূহ সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত তথ্য উপাত্তসমূহ নিয়ে সভায় আলোচনা, পর্যালোচনা ও বিশ্লেষণ করা হলো। অত:পর বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে এবং বিগত অর্থ বছরের তথ্যের সাথে সমন্বয় করে ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট প্রণয়নের জন্য হিসাব বিভাগের সকল কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. সফিকুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি করপোরেশন
ফোন: ০৮১ ৬৮৭২০
মোবাইল: ০১৭১১ ৩১০৮৯৫
ইমেইল: shafiq.bcs@gmail.com

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.০০০.২০২২.১২৪০(২০)　　　তারিখ: ১০/০৫/২০২৩খ্রি.

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে-
১। বিভাগ প্রধান(সকল)................................................, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
২। শাখা প্রধান(সকল),................................................, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
৩। পিএটু মেয়র, কুমিলস্না সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪। বাজেট নথি

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি কর্পোরেশন

# কুমিল্লা সিটি কর্পোরেশন

নগর ভবন, কুমিল্লা
(cocc.portal.gov.bd)

## কুমিল্লা সিটি কর্পোরেশনের **অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি** সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : আবুল কালাম আজাদ<br>কাউন্সিলর ও সভাপতি, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি, কুমিল্লা সিটি কর্পোরেশন |
| তারিখ | : ২২/০৫/২০২৩ খ্রি. |
| সময় | : বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। দাপ্তরিক ও সামাজিক নানাবিধ কর্মকান্ডে শতব্যস্ততার মধ্যেও মেয়র মহোদয় সভায় উপস্থিত হওয়ায় সভাপতি শুরুতেই তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রণয়নে মতামত গ্রহণের জন্য সিটি কর্পোরেশনের অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির আজকের এ সভা আহ্বান করা হয়েছে। এ লক্ষ্যে সভার আলোচনায় সক্রিয় অংশগ্রহণ এবং সুচিন্তিত মতামত ও পরামর্শ প্রদানের জন্য সম্মানিত সকল সদস্যকে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মো: মাসুদুর রহমান ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সভায় উপস্থাপন করেন। কমিটির সম্মানিত সদস্য ও আমন্ত্রিত অতিথি সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং মেয়র মহোদয় দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর সিটি কর্পোরেশনের উন্নয়ন ও সেবাকার্য, রাজস্ব আহরণ, চিত্তবিনোদন ও সৌন্দর্যবর্ধনে নিম্নলিখিত সুপারিশসমূহ গৃহীত হলো:

(ক) পৌরকর, ট্রেড লাইসেন্স, পানির বিল, দোকানভাড়া ও সালামী, বিজ্ঞাপন কর ইত্যাদি খাতে রাজস্ব আদায়ে নিয়মিত কার্যক্রমের পাশাপাশি উদ্ভাবনী ও কৌশলমূলক পন্থা অনুসরণ করা। ডিস/ক্যাবল লাইন সংযোগ প্রতি মাসিক সভায় অনুমোদনক্রমে ফি ধার্য করা;
(খ) সিটি কর্পোরেশনের রাজস্ব বৃদ্ধির জন্য আয়বর্ধকমূলক বিভিন্ন প্রকল্প গ্রহণ করা। যেমন- জেলাপ্রশাসনের সাথে সমন্বয় করে রাজগঞ্জ বাজার উন্নয়ন, চকবাজার কামারপট্টি অংশে অস্থায়ী সেড নির্মাণ, অডিটরিয়াম নির্মাণ এবং সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬ এ বর্ণিত বিভিন্ন খাতে যুগোপযোগী ও উপযুক্ত ফি পুন:নির্ধারণের ব্যবস্থা গ্রহণ ইত্যাদি।
(গ) অবৈধ বিলবোর্ড, সাইনবোর্ড ইত্যাদি চিহ্নিত করে বিজ্ঞাপন কর এর আওতায় আনা;
(ঘ) রাজস্ব আদায়ে কাউন্সিলর কার্যালয় থেকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা। যেমন- জনগণকে যেকোন সার্টিফিকেট ও সেবা প্রদানের আগে তাদের হোল্ডিং কর, পানির বিল ইত্যাদি পরিশোধের ব্যবস্থা নিশ্চিত করা;
(ঙ) বর্জ্য ব্যবস্থাপনা যুগোপযোগী ও টেকশই উন্নয়নে বাজেট বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব;
(চ) আর্থিক অনুদান সীমিত করে এ খাতে ব্যয় সহনীয় পর্যায়ে রাখা;
(ছ) সিটি কর্পোরেশনের জন্য দু'টি এ্যাম্বুলেন্স (০১টি আইসিইউসহ) ক্রয়ের নিমিত্ত বাজেটে প্রয়োজনীয় অর্থ সংস্থান রাখা। প্রস্তাবিত দু'টি এ্যাম্বুলেন্স অগ্রাধিকার ভিত্তিতে নগরীর দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠী বিশেষকরে গর্ভবতী মহিলা ও শিশুদের জরুরি স্বাস্থ্যসেবা কাজে সুলভমূল্যে/ক্ষেত্রবিশেষে বিনামূল্যে ব্যবহৃত হবে।
(জ) নগরীতে ক্রীড়া উন্নয়নে বিভিন্ন ক্রীড়া সংগঠন ও খেলোয়ারদের সকল প্রকার সহযোগিতা প্রদান করা। এছাড়া সিটি কর্পোরেশন কর্তৃক স্থানীয় ও জাতীয় পর্যায়ে বিভিন্ন টুর্ণামেন্টে অংশ গ্রহণের ধারাবাহিকতা অব্যাহত রাখা।

০৩। অত:পর এ সভার আলোচনা ও প্রস্তাবাবলী এবং ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট সিটি কর্পোরেশনের মাসিক সভায় অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

০৪। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম আজাদ
কাউন্সিলর ও সভাপতি
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি
কুমিল্লা সিটি কর্পোরেশন
মোবাইল: ০১৭৪৩ ৯০২০৮২
ইমেইল: itcoccgov@gmail.com

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.০০০.২০২২.১৩৬৮(৪০)
তারিখ: ২২/০৫/২০২৩খ্রি.

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে-
১। প্রধান নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
২। জনাব/বেগম.............................................................কাউন্সিলর...............নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
৩। বিভাগ/শাখা প্রধান(সংশ্লিষ্ট)............................................, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
৪। পিএ টু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। বাজেট নথি

সভাপতি
অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি
কুমিল্লা সিটি কর্পোরেশন

কুমিল্লা সিটি কর্পোরেশন
নগর ভবন, কুমিল্লা
(cocc.portal.gov.bd)

# কুমিল্লা সিটি কর্পোরেশনের ৮৭তম সভার কার্যবিবরণী।

সভাপতি : আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
তারিখ : ২৯/০৫/২০২৩খ্রি.
সময় : সকাল ১১.০০ঘটিকা
স্থান : সিটি কর্পোরেশনের অতীন্দ্র মোহন রায় সম্মেলন কক্ষ।
উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট 'ক'

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সাধারণ আসনের সম্মানিত সকল কাউন্সিলর, সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা ড. সফিকুল ইসলাম সভার কার্যক্রম পরিচালনা করেন।

************************************

০৬. **কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট অনুমোদন সংক্রান্ত**: হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মুহম্মদ আবদুল ওয়াদুদ, কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সম্মানিত সদস্যদের অবহিতির জন্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে সভায় উপস্থাপন করেন। প্রস্তাবিত বাজেট নিয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সারসংক্ষেপ নিম্নরুপ-

| খাত | প্রকৃত ২০২১-২০২২ | সংশোধিত বাজেট ২০২২-২০২৩ | প্রস্তাবিত বাজেট ২০২৩-২০২৪ |
|---|---|---|---|
| মোট আয়( উপাংশ-১) | ৩৯,৪৭,৮৩,৫১৪.৩৭ | ৪৬,১২,৭০,৯৭৩.০০ | ৭৭৩,৫,০৭,২৩০.০০ |
| মোট আয়( উপাংশ-২) | ১,৮০,৮৯,৬৫৮.৩২ | ২,৪৩,৪২,৮০০.০০ | ৪,০৭,০৬,০০০.০০ |
| **রাজস্ব আয়** | **৪১,২৮,৭৩,১৭২.৬৯** | **৪৮,৫৬,১৩,৭৭৩.০০** | **৮১,৪২,১৩,২৩০.০০** |
| উন্নয়ন অনুদান/আয় | ৭৯,৩০,০৫,৪৬৭.০০ | ২৭৩,৬৯,৭৫,১৬২.০০ | ৬৫৭,১২,৫৯,৩৪২.০০ |
| **মোট আয়** | **১২০,৫৮,৭৮,৬৩৯.৬৯** | **৩২২,২৫,৮৮,৯৩৫.০০** | **৭৩৮,৫৪,৭২,৫৭২.০০** |
| প্রারম্ভিক তহবিল | ৬৫,২৮,৭০,১৩৮.৪১ | ৫১,৫০,৪৭,৯২৫.৬৯ | ৯,৮২,৯২,৪৭৮.৬৯ |
| **সর্বমোট** | **১৮৫,৮৭,৪৮,৭৭৮.১০** | **৩৭৩,৭৬,৩৬,৮৬০.৬৯** | **৭৪৮,৩৭,৬৫,০৫০.৬৯** |
| | | | |
| মোট ব্যয় ( উপাংশ-১) | ২৭,৬৫,৫০,৩৩৮.০৩ | ৩১,৮০,৫০,০০০.০০ | ৪৫,৪৩,২০,০০০.০০ |
| মোট ব্যয় ( উপাংশ-২) | ১,৪৯,৩৪,৩৯৩.৩৭ | ২,৭১,৩৫,০০০.০০ | ৪,০৫,৪০,০০০.০০ |
| **রাজস্ব ব্যয়** | ২৯,১৪,৮৪,৭৩১.৪০ | ৩৪,৫১,৮৫,০০০.০০ | ৪৯,৪৮,৬০,০০০.০০ |
| উন্নয়ন ব্যয় | ১০৫,২২,১৬,১২১.০১ | ৩২৯,৪১,৫৯,৩৮২.০০ | ৬৮৫,১১,৫৯,৩৪২.০০ |
| **মোট ব্যয়** | **১৩৪,৩৭,০০,৮৫২.৪১** | **৩৬৩,৯৩,৪৪,৩৮২.০০** | **৭৩৪,৬০,১৯,৩৪২.০০** |
| সমাপনী তহবিল | ৫১,৫০,৪৭,৯২৫.৬৯ | ৯,৮২,৯২,৪৭৮.৬৯ | ১৩,৭৭,৪৫,৭০৮.৬৯ |
| **সর্বমোট মোট** | **১৮৫,৮৭,৪৮,৭৭৮.১০** | **৩৭৩,৭৬,৩৬,৮৬০.৬৯** | **৭৪৮,৩৭,৬৫,০৫০.৬৯** |

সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ১২) জনাব কাজী জিয়াউল হক বলেন, সিটি কর্পোরেশনের দৈনিক হাজিরাভিত্তিক কর্মীরা ন্যূনতম বেতন সুবিধা নিয়ে চাকুরি করছে। বর্তমান বাজার দুর্মূল্যে এরা পরিবার-পরিজন নিয়ে কি মানবেতর ও দুর্বিষহ দিনাতিপাত করছে- এটা একবার ভেবে বিবেচনা করা দরকার। তিনি দৈনিক হাজিরাভিত্তিক কর্মীদের মজুরী বৃদ্ধি বিবেচনার জন্য বাজেটে প্রয়োজনীয় অর্থ সংস্থানের ব্যবস্থা রাখার অনুরোধ জানান।

সম্মানিত কাউন্সিলর (ওয়ার্ড নং ০৩) জনাব সরকার মাহমুদ জাবেদ প্রস্তাবিত বাজেট বাস্তবায়ন ও রাজস্ব আহরণ লক্ষ্যমাত্রা অর্জনে বিদ্যমান ব্যবস্থার পাশাপাশি আয় বৃদ্ধিকল্পে নতুন নতুন উৎস চিহ্নিতকরণ ও ক্ষেত্র প্রসারিত করার ওপর গুরুত্বারোপ করেন। সিটি কর্পোরেশনের আওতাধীন রাজগঞ্জ বাজার, রানির বাজার ও চকবাজার উন্নয়ন পরিকল্পনা গ্রহণপূর্বক আয়বর্ধনমূলক প্রকল্প গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। এছাড়া পাড়া-মহল্লায় ট্রেড লাইসেন্সবিহীন দোকান বা নানাবিধ ব্যবসা প্রতিষ্ঠান

রয়েছে। এগুলো তালিকা করে ট্রেড লাইসেন্সের আওতায় আনার জন্য ওয়ার্ডভিত্তিক অভিযান পরিচালনা উপর জোড় দেন। সিটি কর্পোরেশনের আয় বাড়লে কর্মীদের বেতন-ভাতা বৃদ্ধিসহ প্রতিষ্ঠানের সক্ষমতা উন্নয়ন সম্ভব হবে বলে মতামত ব্যক্ত করেন।
প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন, কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট নানান পর্যায়ে সভা করে পর্যালোচনা করা হয়েছে। কুমিল্লা-০৬ আসনের মাননীয় সংসদ সদস্য মহোদয় প্রস্তাবিত বাজেটে কতিপয় বিষয়াদি যেমন উন্নয়ন বরাদ্দ, ব্যয়, স্থিতি ইত্যাদি এবং রাজস্ব বাড়ানো ওপর গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেছেন। এ আলোকে প্রস্তাবিত বাজেট কিছুটা সংশোধন/কাঁট-ছাঁট করা হয়েছে। উপস্থিত সদস্যগণের কোনো পরামর্শ বা মতামত থাকলে তা সংযোজন বা বিয়োজন করা হবে। প্রস্তাবিত বাজেট বাস্তবায়নে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সভাপতি বলেন, কুমিল্লা সিটি কর্পোরেশনের জনবল, লজিস্টিক ও সম্পদ সীমিত। আর্থিক সক্ষমতাও গড়ে উঠেনি। কিন্তু নাগরিক সেবার চাহিদা ও প্রত্যাশা অনেক বেশী। সীমিত জনবল, সম্পদের দ্বারা পরিকল্পিত ও দক্ষতার মাধ্যমে নাগরিক সেবা প্রদানের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ' কুমিল্লা সিটি কর্পোরেশনের সমন্বিত অবকাঠামো উন্নয়ন'-শীর্ষক প্রকল্পের আওতায় ০১ জানুয়ারি ২০২২ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ০৩ বছর মেয়াদে ১৫৩৮.১০৪৪ কোটি টাকার কাজ চলমান আছে। এছাড়া আরবান ডেভেলপমেন্ট সিটি গভর্নেন্স প্রজেক্ট (UDCGP) আওতায় ১০০.০০ কোটি টাকা এবং Local Government COVID-19 Response and Recovery Project (LGCRRP) আওতায় ৬.২৭ কোটি টাকার উন্নয়ন কাজ বাস্তবায়িত হবে। অতএব সহজেই অনুমেয় যে, উন্নয়ন কাজ বাস্তবায়নে সিংহভাগ বরাদ্দ দাতা সংস্থা সহায়তা প্রদান করছে। প্রতিষ্ঠানের পরিচালন ব্যয় নির্বাহ শেষে আর্থিক স্বাচ্ছল্যের অভাবে নিজস্ব তহবিল হতে সীমিত পরিসরে উন্নয়ন কাজ হয়। তাই সিটি কর্পোরেশনের আর্থিক সক্ষমতা বাড়ানোর বিকল্প নেই। এ লক্ষ্যে হোল্ডিং কর, ট্রেড লাইসেন্স ও অন্যান্য পরিষেবা বিল আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে প্রচলিত বিধি-বিধানের আওতায় আরও উদ্ভাবনী, কৌশলী ও দৃঢ় হওয়া চাই। অন্যথায় রাজস্ব আদায়ে লক্ষ্যমাত্রা অর্থাৎ ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন দুষ্কর হয়ে পড়বে। সিটি কর্পোরেশনের রাজস্ব আহরন ও বৃদ্ধিকল্পে কার্যকর ভুমিকা গ্রহণের জন্য সম্মানিত সকল কাউন্সিলর ও কর্মকর্তাকে অনুরোধ জানান। কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রণয়নে যে সকল কর্মকর্তা-কর্মচারী অক্লান্ত পরিশ্রম ও মেধার স্বাক্ষর রেখেছেন, তাঁদের সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।
**সিদ্ধান্ত:** কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২২-২০২৩ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট সভায় সর্বসম্মতভাবে অনুমোদন প্রদান করা হয়। এতদবিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।
**বাস্তবায়ন:** প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

**************************************

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
আরফানুল হক রিফাত
মেয়র
কুমিল্লা সিটি কর্পোরেশন
ফোন: ০৮১ ৭৬০৯৯
ইমেইল: coccbd@gmail.com

তারিখ: ২৯/০৫/২০২৩খ্রি.

স্মারক নং ৪৬.১৭.১৯.৫০.০১৫.০০.১২৮.২০২২.১৪৫৮(১০০)

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, সিটি কর্পোরেশন-১ শাখা)
০২। জনাব/বেগম ......................................................................................কাউন্সিলর...........নং ওয়ার্ড, কুমিল্লা সিটি কর্পোরেশন
০৩। সচিব, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৪। বিভাগ প্রধান (সকল)................................................................, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৫। আইটি কর্মকর্তা, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা(সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৬। শাখা প্রধান (সকল)................................................................, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭। পিএটু মেয়র, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৮। রেকর্ড কিপার, কুমিল্লা সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৯। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল

স্বাক্ষরিত
ড. সফিকুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুমিল্লা সিটি করপোরেশন

# মেয়র মহোদয়ের বাজেট ভাষণ

**সম্মানিত অতিথিবৃন্দ,**

আমার সহকর্মী কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ

সাংবাদিক বন্ধুগণ ও উপস্থিত সম্মানিত নগরবাসী সুধীজন,

**আছ্ছালামুআলাইকুম,**

মহান আল্লাহ তায়ালার অশেষ রহমতে কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট ঘোষণা করার জন্য আপনাদের সামনে উপস্থিত হতে পেরে আমি পরম করুণাময়ের নিকট শুকরিয়া আদায় করছি। বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করছি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সকল সদস্যের প্রতি যারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকের নির্মম আঘাতে শাহাদত বরণ করেছেন। স্মরণ করছি বীর মুক্তিযোদ্ধাদের যারা ১৯৭১ সালের মহান স্বাধীনতা যুদ্ধে দেশমাতৃকার জন্য সর্বোচ্চ আত্মত্যাগ করেছেন। গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি দেশের সূর্যসন্তান সকল মুক্তিযোদ্ধাদের প্রতি। আজকের এই বাজেট বর্তমান পরিষদের প্রথম বাজেট। এই বাজেট ঘোষণার শুরুতে আমি উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি । ১৮৬৪ সালে ৩০ শে নভেম্বর কুমিল্লা পৌরসভা প্রতিষ্ঠিত হয়। কুমিল্লা পৌরসভা এবং সদর দক্ষিণ পৌরসভা একীভূত করে ১০ জুলাই ২০১১ খ্রি. কুমিল্লা সিটি কর্পোরেশন গঠন করা হয়। বর্তমানে কুমিল্লা সিটি কর্পোরেশনের লোকসংখ্যা ৮ লক্ষাধিক এবং আয়তন ৫৩.০৪ বর্গ কিলোমিটার। কুমিল্লা সিটি কর্পোরেশনের ১৫ জুন ২০২২ তারিখের নির্বাচনে নির্বাচিত প্রতিনিধি এবং নির্বাচিত মেয়র হিসেবে বর্তমানে আমি দায়িত্ব পালন করছি। সিটি কর্পোরেশনের নির্বাচিত পরিষদ ও সকল কর্মকর্তা-কর্মচারী তাদের যথাসাধ্য প্রচেষ্টা ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে নাগরিক জীবনের কাঙ্খিত উন্নয়ন অর্জন সক্ষম হবে বলে আমি বিশ্বাস করি।

**সম্মানিত সুধীজন,**

আপনারা জানেন কুমিল্লা একটি সুপ্রাচীন জেলা শহর। ভৌগলিক অবস্থান, শিক্ষা, চিকিৎসা ও অবকাঠামোগত দিক থেকে এটি একটি সমৃদ্ধ নগরী এবং অতীব মর্যাদার অধিকারী। ঢাকা চট্রগ্রাম মহাসড়কের পাশে গড়ে উঠা এ নগরী সারাদেশের সাথে যোগাযোগের দিক থেকেও অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভৌগলিক অবস্থান ও যোগাযোগ বিবেচনায় সরকারি-বেসরকারি গুরুত্বপূর্ণ বিভাগীয় কার্যালয় এ মহানগরীতে অবস্থিত। এখানে ব্যবসা-বাণিজ্য ও আবাসন সেক্টরে এসেছে বৈপ্লবিক পরিবর্তন। রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা(ইপিজেড) স্থাপিত হওয়ার পর এখানে হাজার হাজার মানুষের কর্মসংস্থানের সুযোগ হয়েছে। এখানকার দৈনন্দিন জীবনমান ঢাকা চট্রগ্রাম থেকে তুলনামুলকভাবে সাশ্রয়ী, সুখকর এবং শান্তিময়। ফলে সরকারি চাকুরিজীবী, প্রবাসী, ব্যবসায়ী ও ধনাঢ্য শ্রেণী এ মহানগরীতে স্থায়ী আবাসন গড়ে তুলেছে এবং দিন দিন মহানগরীর লোকসংখ্যা বেড়েই চলছে। ক্রমবর্ধমান জনসংখ্যাা চাপে মহানগরীর বিভিন্ন সুযোগ-সুবিধা সংকোচিত হয়ে আসছে, নাগরিক সেবা প্রদানে প্রতিনিয়ত হিমশিম খেতে হচ্ছে সিটি কর্পোরেশনকে। এ থেকে উত্তোরণে পরিকল্পিত নগর উন্নয়নের কোন বিকল্প নেই। সরকারি ও দাতা সংস্থার সহায়তার ক্ষেত্র আরো প্রসারিত করতে হবে। অন্যথায় সিটি কর্পোরেশনের পক্ষে কাঙ্খিত নাগরিক চাহিদা ও সুযোগ-সুবিধা সুনিশ্চিত করা অসম্ভব হয়ে পড়বে। সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ এবং তা বাস্তবায়নের মাধ্যমে নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধিতে আমরা অঙ্গীকারাবদ্ধ।

**সম্মানিত মহানগরবাসী,**

আমরা জানি, বাজেট হলো কোনো একটি আর্থিক বছরের পরিকল্পনার সংখ্যাত্বক প্রকাশ। কোনো প্রতিষ্ঠানের একবছরের সম্ভাব্য আয়-ব্যয়ের হিসাব ও আর্থিক কর্মকান্ডের প্রতিচ্ছবি। আমি দায়িত্ব গ্রহণের পর এটিই প্রথম বাজেট ঘোষণা। এখন আপনাদের সন্মুখে কুমিল্লা সিটি কর্পোরেশনের ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট উপস্থাপন করছি।

| খাত | প্রকৃত বাজেট ২০২১-২০২২ | সংশোধিত বাজেট ২০২২-২০২৩ | প্রস্তাবিত বাজেট ২০২৩-২০২৪ |
|---|---|---|---|
| মোট আয়( উপাংশ-১) | ৩৯,৪৭,৮৩,৫১৪.৩৭ | ৪৬,১২,৭০,৯৭৩.০০ | ৭৭৩,৫,০৭,২৩০.০০ |
| মোট আয়( উপাংশ-২) | ১,৮০,৮৯,৬৫৮.৩২ | ২,৪৩,৪২,৮০০.০০ | ৪,০৭,০৬,০০০.০০ |
| **রাজস্ব আয়** | **৪১,২৮,৭৩,১৭২.৬৯** | **৪৮,৫৬,১৩,৭৭৩.০০** | **৮১,৪২,১৩,২৩০.০০** |
| উন্নয়ন অনুদান/আয় | ৭৯,৩০,০৫,৪৬৭.০০ | ২৭৩,৬৯,৭৫,১৬২.০০ | ৬৫৭,১২,৫৯,৩৪২.০০ |
| **মোট আয়** | **১২০,৫৮,৭৮,৬৩৯.৬৯** | **৩২২,২৫,৮৮,৯৩৫.০০** | **৭৩৮,৫৪,৭২,৫৭২.০০** |
| প্রারম্ভিক তহবিল | ৬৫,২৮,৭০,১৩৮.৪১ | ৫১,৫০,৪৭,৯২৫.৬৯ | ৯,৮২,৯২,৪৭৮.৬৯ |
| **সর্বমোট** | **১৮৫,৮৭,৪৮,৭৭৮.১০** | **৩৭৩,৭৬,৩৬,৮৬০.৬৯** | **৭৪৮,৩৭,৬৫,০৫০.৬৯** |
| | | | |
| মোট ব্যয় ( উপাংশ-১) | ২৭,৬৫,৫০,৩৩৮.০৩ | ৩১,৮০,৫০,০০০.০০ | ৪৫,৪৩,২০,০০০.০০ |
| মোট ব্যয় ( উপাংশ-২) | ১,৪৯,৩৪,৩৯৩.৩৭ | ২,৭১,৩৫,০০০.০০ | ৪,০৫,৪০,০০০.০০ |
| **রাজস্ব ব্যয়** | ২৯,১৪,৮৪,৭৩১.৪০ | ৩৪,৫১,৮৫,০০০.০০ | ৪৯,৪৮,৬০,০০০.০০ |
| উন্নয়ন ব্যয় | ১০৫,২২,১৬,১২১.০১ | ৩২৯,৪১,৫৯,৩৮২.০০ | ৬৮৫,১১,৫৯,৩৪২.০০ |
| **মোট ব্যয়** | **১৩৪,৩৭,০০,৮৫২.৪১** | **৩৬৩,৯৩,৪৪,৩৮২.০০** | **৭৩৪,৬০,১৯,৩৪২.০০** |
| সমাপনী তহবিল | ৫১,৫০,৪৭,৯২৫.৬৯ | ৯,৮২,৯২,৪৭৮.৬৯ | ১৩,৭৭,৪৫,৭০৮.৬৯ |
| **সর্বমোট মোট** | **১৮৫,৮৭,৪৮,৭৭৮.১০** | **৩৭৩,৭৬,৩৬,৮৬০.৬৯** | **৭৪৮,৩৭,৬৫,০৫০.৬৯** |

**প্রিয় মহানগরবাসী,**

নগরবাসীর জীবন যাত্রার মান বৃদ্ধি অর্থাৎ মৌল ও মানবিক চাহিদাগুলো পুরণে কুমিল্লা সিটি কর্পোরেশন সবসময় মূখ্য ভূমিকা পালন করে আসছে। বিশেষকরে শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন, যাতায়াত, পয়ঃনিষ্কাশন, জলাবদ্ধতা, দারিদ্র নিরসন, সৌন্দর্যবর্ধন, পরিবেশ রক্ষা, পানি সংযোগ, ক্রীড়া ও সাংস্কৃতিক পৃষ্ঠপোষকতা, সন্ত্রাস ও মাদক বিরোধী অভিযান, এতিম অসহায় দুঃস্থদের সহায়তা ও শান্তিপূর্ণ রাজনৈতিক সহাবস্থান প্রভৃতি বিষয়ে আমি নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। গুরুত্বপূর্ণ সড়কগুলোতে যানজট নিরসনকল্পে রাস্তা প্রশস্তকরণসহ রোড ডিভাইডার স্থাপন করা হয়েছে।

**প্রিয় মহানগরবাসী,**

আপনাদের সমর্থন, দোয়া ও ভালোবাসা নিয়ে ৭ জুলাই ২০২২ তারিখ কুমিল্লা কর্পোরেশনের মেয়রের দায়িত্বভার গ্রহণ করি। হাজারো সমস্যা বিদ্যমান থাকলেও এগুলো দূর করে কুমিল্লা সিটি কর্পোরেশনকে একটি আধুনিক নগরীতে রুপান্তরের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের আন্তরিক প্রচেষ্টায় আমরা এগিয়ে চলছি। আমাদের চাহিদা অনেক, কিন্তু সম্পদ সীমিত । এ সীমিত সম্পদকে পরিকল্পিতভাবে কাজে লাগিয়ে একটি সুন্দর ও শান্তিময় সিটি কর্পোরেশন গঠনে আমি ও আমার পরিষদ নিরন্তর কাজ করে যাচ্ছি। সিটি কর্পোরেশনের প্রশাসনিক ও অবকাঠামোর উন্নয়নে মাঠ পর্যায়ে জরীপ, ম্যাপিং ও সংশ্লিষ্ট বিভিন্ন শ্রেনী-পেশার মানুষ ও স্থানীয় নেতৃবৃন্দের সাথে কার্যকর মতবিনিময়ের মাধ্যমে একটি যুগোপযোগী মহাপরিকল্পনা (Master Plan) প্রণয়নের কাজ চলমান আছে। নাগরিক সুবিধা নিশ্চিতকরণ, মহানগরবাসীর সেবার মান বৃদ্ধি ও কাঙ্খিত উন্নয়নের লক্ষ্যে দাতা সংস্থার স্মরণাপন্ন হয়ে ইতোমধ্যে JICA অর্থায়নে UDCGP, বিশ্বব্যাংকের অর্থায়নে MGSP, LGCRRP (Covid-19), ADP অর্থায়নে UPHCSDP-II, LIIUPP প্রকল্পের অন্তর্ভুক্ত করতে সক্ষম হয়েছি। কর্পোরেশনের উন্নয়নে সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে কুমিল্লা মহানগরবাসীর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

## রাস্তা-ঘাট, ড্রেইন, ফুটপাতসহ অবকাঠামো উন্নয়ন

**সম্মানিত মহানগরবাসী,**

কুমিল্লা সিটি কর্পোরেশনের প্রধান প্রধান সড়ক; বিভিন্ন ওয়ার্ডের রাস্তা-ঘাট, ড্রেইন, ফুটপাতসহ বিভিন্ন অবকাঠামোর অতীত ও বর্তমান চিত্র আপনাদের জানা। একনেক অনুমোদিত " **কুমিল্লা সিটি কর্পোরেশনের সমন্বিত অবকাঠামো উন্নয়ন"**- শীর্ষক প্রকল্পের আওতায় ০১ জানুয়ারি ২০২২ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত মেয়াদে আমাদের প্রাণপ্রিয় এ শহরে ১৫৩৮.১০৪৪ কোটি (এক হাজার পাঁচশত আটত্রিশ কোটি দশ লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকার উন্নয়ন কাজ চলমান আছে। এ প্রকল্পের আওতায় শহরের রাস্তা-ঘাট, ড্রেন-কালভার্ট, ১০ তলা বিশিষ্ট নতুন নগর ভবন নির্মাণ, বর্জ্য ব্যবস্থাপনার উন্নয়ন, বাসটার্মিনাল উন্নয়ন, সেবক কলনী নির্মাণ, কবরস্থান ও শ্মশান উন্নয়ন এবং শহরের সৌন্দর্যবর্ধন ও নাগরিকদের চিত্তবিনোদনে পুরাতন গোমতী নদী অর্থাৎ মরা গোমতী নদী ঢাকার হাতির ঝিল আদলে উন্নয়ন করা হবে। এছাড়া আরবান ডেভেলপমেন্ট সিটি গভর্নেন্স প্রজেক্ট (ইউডিসিজিপি) আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরে কুমিল্লা সিটি কর্পোরেশনে ১০০ (একশো) কোটি টাকার উন্নয়ন কাজ এবং স্বাস্থ্যখাতে এলজিসিআরআরপি প্রকল্পের মাধ্যমে ৭ (সাত) কোটি টাকার প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। এসব প্রকল্পের আওতায় আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত আলেখারচর বাসটার্মিনাল নির্মাণ, জাঙ্গালিয়া বাসটার্মিনাল সম্প্রসারণ, ধর্মসাগর চতুষ্পাড় ওয়াকওয়ে নির্মাণ, স্যানিটারি ল্যান্ডফিল উন্নয়নসহ রাস্তা-ঘাট, ড্রেন-খাল সংস্কারে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত হবে। এ সব উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের মাধ্যমে নাগরিক সুযোগ-সুবিধার ব্যাপক উন্নয়ন তথা কুমিল্লা নগরীর সামগ্রিক দৃশপটের আমূল পরিবর্তন ঘটবে আশা করি। দাতা সংস্থা জাইকা ও বিশ্বব্যাংকের অর্থায়নে গত বছর সিটি কর্পোরেশনের অধিকাংশ রাস্তা-ঘাট, ড্রেইন, ফুটপাতসহ বিভিন্ন অবকাঠামোর ব্যাপক উন্নয়ন হয়েছে এবং কাজ চলমান আছে। বক্স ড্রেইন, টাইলস ফুটপাত নগরীর পরিচ্ছন্নতা, চলাচল ও সৌন্দর্য বৃদ্ধিতে নতুন মাত্রা সংযোজন করেছে। এ উন্নয়ন কর্মকান্ডে টেকসই ও উন্নত প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে নির্মাণ কাজের গুণগত মান রক্ষার সকল প্রচেষ্টা গ্রহণ করেছি। এছাড়া এডিপি (বার্ষিক উন্নয়ন কর্মসূচী) ও সাধারণ তহবিলের আওতায় বিভিন্ন মহল্লার অলি-গলির রাস্তা-ড্রেইন, কালভার্ট উন্নয়ন কাজ চলমান রয়েছে। সিটি কর্পোরেশনের উন্নয়ন কর্মকান্ড পরিচালনায় সকলের সহয়োগিতা কামনা করছি।

## সড়ক বাতির ব্যবস্থাপনা

**সম্মানিত মহানগরবাসী,**

সড়কে রাত্রীকালিন চলাচল নিরাপত্তা নিশ্চিতকরণে সড়ক বাতির ভুমিকা অন্যতম। কুমিল্লা সিটি কর্পোরেশন সড়কবাতি ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য উন্নয়নসাধন হয়েছে। ২৭টি ওয়ার্ডে প্রায় প্রতিটি সড়ক উন্নতমানের এলইডি বাতির আওতায় এসেছে। এ সেবার মান বৃদ্ধি করার জন্য বিদ্যমান ব্যবস্থার পাশাপাশি ১৬০ কিলোমিটার সড়ক বাতির লাইন বৃদ্ধির কার্যক্রম শুরু করা হয়েছে। এ কাজটি বাস্তবায়িত হলে বর্তমান স্থাপিত লাইন ও বাতির পাশাপাশি আরও ৫০০০টি উচ্চ ক্ষমতা সম্পন্ন সড়ক বাতি সংযুক্ত হবে। ফলে জনচলাচলে নিরাপত্তাসহ শহরময় আলোকোজ্জ্বল ও নান্দনিক আবহ তৈরী হবে।

## জলাবদ্ধতা নিরসন

**প্রিয় মহানগরবাসী,**

২০২২ সালে মেয়র হিসাবে দায়িত্ব নেয়ার পর শহরের জলাবদ্ধতার কারণগুলো চিহ্নিত করে জলাবদ্ধতা নিরসনের উদ্যোগ গ্রহণ করি। এরই ধারাবাহিকতায় সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে শহরের বড় বড় ড্রেন, খাল যেমন লাকসাম রোডের পাশের খাল, রেইসকোর্স খাল, নবাববাড়ি চৌমুহনীর খাল এগুলোতে যুগ যুগ ধরে জমে থাকা দীর্ঘদিনের আবর্জনা এক্সকেবেটরের সাহায্যে অপসারনের ব্যবস্থা করি। শহর এলাকার বাইরে গুংগাইজুরী খালসহ পানি নিষ্কাশনের Out Fall গুলো খননের ব্যবস্থা গ্রহণ করি। আমাদের সকলের সম্মিলিত এ প্রচেষ্টার ফলে শহরের জলাবদ্ধতা এখন অনেকাংশে হ্রাস পেয়েছে, জলাবদ্ধতা এখন সীমিত পর্যায়ে নেমে এসেছে। আমরা নগরবাসী একটু সচেতন হলে, ময়লা আবর্জনা ড্রেনে, রাস্তায় না ফেললে এর সুফল ভোগ করতে পারবো। যেখানে সেখানে, ড্রেনে ময়লা আবর্জনা না ফেলার জন্য আমার প্রাণ প্রিয় নগরবাসীকে উদাত্ত আহবান জানাচ্ছি।

## পরিচ্ছন্নতা কার্যক্রম

**প্রিয় মহানগরবাসী,**

কুমিল্লা মহানগরীকে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য আমি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে আসছি। আমি ব্যক্তিগতভাবে পরিচ্ছন্নতার কার্যক্রম মনিটরিং করছি। ওয়ার্ডভিত্তিক ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে ড্রেন, নালা, রাস্তার ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন ও অপসারণ করে ঝাকুনীপাড়া সেনিটারি ল্যান্ডফিলে অপসারণ করা হয়। হাটবাজারগুলো নিয়মিত পরিষ্কারের জন্য বিশেষ টিম কাজ করে যাচ্ছে। যানবাহন ও দক্ষ শ্রমিকের অপ্রতুলতার সত্ত্বেও এ কাজে কঞ্জারভেন্সি শ্রমিকেরা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনা ও অপসারণের জন্য একটি বেসরকারি প্রতিষ্ঠান কাজ করছে। ইতোমধ্যে ০১টি ওয়ার্ড চিহ্নিত করে অর্থাৎ ৬নং ওয়ার্ডে দিনের বেলার পরিবর্তে রাতের বেলায় বর্জ্য সংগ্রহ ও অপসারণের কার্যক্রম শুরু করা হয়েছে। এছাড়া হোটেল, রেস্তোরা ও শপিং সেন্টারের বর্জ্য অপসারণের জন্য বেসরকারি উদ্যোগে কাজ করছে। ময়লা আবর্জনা আধুনিক ও বিজ্ঞানসম্মতভাবে প্রক্রিয়াজাত করে Waste to Energy প্রকল্প গ্রহণ করা হচ্ছে।

## মশক নিধন কার্যক্রম

**প্রিয় মহানগরবাসী,**

মশক নিধনের জন্য ফগার মেশিন অধিকতর কার্যকর ব্যবস্থা। প্রস্তাবিত বাজেটে ফগার মেশিন ক্রয়ের জন্য বরাদ্দ রাখা হয়েছে। আমরা মশক নিধনের জন্য বর্তমানে ২৭টি ওয়ার্ডে সম্মানিত কাউন্সিলরের মাধ্যমে কর্মসূচি পরিচালনা করছি। প্রত্যেক কাউন্সিলরের তত্ত্বাবধানে ০১টি করে স্প্রে মেশিন রয়েছে এবং প্রয়োজনীয় মশার ওষুধ সরবরাহ করার চেষ্টা চালিয়ে যাচ্ছি। এছাড়া প্রত্যেক ওয়ার্ডে ০১টি করে ফগার মেশিন বরাদ্দ করা হয়েছে।

## শহরের সৌন্দর্যবর্ধন, পার্ক ও বিনোদন ব্যবস্থা

**সম্মানিত মহানগরবাসী,**

কুমিল্লা একটি প্রাচীনতম শহর হওয়া সত্ত্বেও বাস্তবমুখী পরিকল্পনার অভাবে শহরের দৃষ্টি নন্দন স্থাপনা গড়ে উঠেনি। আমি দায়িত্বভার গ্রহণ করার পর আপনাদের প্রাণ প্রিয় ঐতিহ্যবাহী কুমিল্লা শহরের সৌন্দর্য বর্ধনের উপর বিশেষ মনোযোগ স্থাপন করি। পবিত্র ঈদ উদযাপন উপলক্ষে কুমিল্লা কেন্দ্রীয় ঈদগাহকে আলোকিতকরণ ও সুসজ্জিত করা হয়। মহানগরবাসী মনোরম, দৃষ্টি নন্দন, আনন্দঘন ও ধর্মীয় ভাবগাম্ভীর্য পরিবেশে পবিত্র ঈদের নামাজ উদযাপন করে থাকেন। মহানগরীর প্রধান প্রধান ও গুরুত্বপূর্ণ সড়কের পাশে ও সড়ক দ্বীপসমূহ আরও আকর্ষণীয় ও নান্দনিক ফোয়ারা নির্মাণ করা হচ্ছে। এতে প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের প্রতিচ্ছবি এবং কুমিল্লার ইতিহাস ও ঐতিহ্য ধারণ করে এরূপ শিল্পকর্ম ও ভাস্কর্য স্থাপন করা হবে। কান্দিরপাড় পূবালী চত্বর ও ট্রাফিক পয়েন্টকে আকর্ষণীয় করে গড়ে তোলা হচ্ছে। মহানগরীর শোভা বর্ধনে রাস্তার পাশে দেশী বিদেশী বাগান বিলাসী বৃক্ষ ও চারা গাছ লাগানো হয়েছে। বিভিন্ন রঙ্গিন ও আকর্ষণীয় বাতি লাগানো হয়েছে। মহানগরীর সৌন্দর্য রক্ষায় এ সকল ফোয়ারা ও বাগান পরিচর্যায় সিটি কর্পোরেশনের কর্মী বাহিনী নিরলস শ্রম দিয়ে যাচ্ছে। শহরের সৌন্দর্য বৃদ্ধি কল্পে আপনাদের সুপরামর্শে আমার এ প্রচেষ্টা অব্যাহত থাকবে। কোমলমতি শিশুদের সুন্দরভাবে বেড়ে উঠা এবং খেলাধুলার জন্য প্রয়োজন মনোরম পরিবেশে, পার্ক ও বিনোদন ব্যবস্থা। আমি দায়িত্ব গ্রহণের পর নগর শিশু উদ্যান ও বিনোদন কেন্দ্র উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করেছি। ধর্মসাগর পাড় সংস্কার ও আলোকিতকরণ করে দৃষ্টিনন্দন করা হয়েছে, বহুসংখ্যক দর্শনার্থী একত্রে হাটা চলা করা ও বসার সুব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এখানে টাইলস নির্মিত ওয়াকওয়ে তৈরী করে আধুনিকায়ন করা হয়েছে। কুমিল্লা ধর্মসাগরের চারিপাড় ওয়াকওয়ে তৈরীর প্রকল্প গ্রহণ করা হয়েছে। নগরীর অন্যান্য বড় বড় দিঘীরপাড়গুলো পর্যায়ক্রমে সংস্কার ও লাইটিং করে স্থানীয় বাসিন্দাদের জন্য ওয়াকওয়ে ও বিনোদনের কেন্দ্র হিসাবে গড়ে তোলা হচ্ছে।

## শিক্ষার প্রসার ও মানোন্নয়ন

**প্রিয় মহানগরবাসী,**

কুমিল্লা সিটি কর্পোরেশনের উদ্যোগে অন্তত: ০১টি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করার প্রয়াস চলছে। নানাবিধ সীমাবদ্ধতা ও প্রতিবন্ধকতার কারণে এটি বিলম্ব হচ্ছে। সিটি কর্পোরেশন এলাকার শিক্ষার মানোন্নয়নে ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়ন এবং দরীদ্র মেধাবী শিক্ষার্থীদের বিকাশে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া জেন্ডার কর্মসূচির আওতায় বিভিন্ন ওয়ার্ডে শিক্ষা প্রতিষ্ঠানে কোমলমতী শিশুদের বিনামূল্যে শিক্ষা সামগ্রী সরবরাহ করা হয়েছে। প্রস্তাবিত বাজেটেও শিক্ষাখাতে বরাদ্দ রয়েছে।

## ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়ন ও আর্থিক অনুদান

**সম্মানিত মহানগরবাসী,**

কুমিল্লা মহানগরী এলাকায় ধর্মীয় শিক্ষা প্রসারের লক্ষ্যে কর্পোরেশনের এলাকার মসজিদ, মক্তব, মাদ্রাসা, মন্দির, উপসনালয়ে কর্পোরেশনের পক্ষ হতে ধর্মীয় সম্প্রীতির অনন্য দৃষ্টান্ত স্থাপন করে আসছি। সিটি কর্পোরেশন কর্তৃক হিন্দু ধর্মাবলম্বীদের শ্মশান, মন্দির উন্নয়ন, পূজা-পার্বন উদযাপনে অনুদান প্রদান করা হচ্ছে। গত অর্থ বছরে এ বাবদ ২৫লক্ষ টাকা ব্যয় হয়েছে। এছাড়া ডিপিপি এর আওতায় কবরস্থান ও শ্মশান উন্নয়ন করা হবে।

## স্বাস্থ্য সেবার উন্নয়ন

**সম্মানিত মহানগরবাসী,**

স্বাস্থ্যই সকল সুখের মূল, স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে মহানগরবাসীর স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সিটি কর্পোরেশন সীমিত সম্পদ ও চিকিৎসা সামগ্রীর অপ্রতুলতা থাকা সত্ত্বেও স্বাস্থ্যসেবার মন্নোনয়নে নিরলস চেষ্টা চালিয়ে যাচ্ছি। কুমিল্লা সিটি কর্পোরেশন UPHCSDP প্রকল্পের অন্তর্ভুক্ত ০১টি নগর মাতৃসদন ও ০৬ টি নগর স্বাস্থ্য কেন্দ্রের মাধ্যমে স্বাস্থ্যসেবা দেওয়া হচ্ছে। এছাড়াও প্রকল্পের আওতায় বিভিন্ন এলাকায় স্যাটেলাইট ক্লিনিক ও মিনি ক্লিনিকে স্বাস্থ্য সেবা প্রদান করা হচ্ছে। খাদ্য দ্রব্যে ভেজাল মেশানো রোধকল্পে কার্বাইড ও ফরমালিন পরীক্ষা করার জন্য মেশিন ক্রয় করা হয়েছে এবং ভবিষ্যতে ০১টি ল্যাবরেটরি স্থাপনের পরিকল্পনা রয়েছে। এছাড়া LIIUPP প্রকল্পের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর পুষ্টির চাহিদা মিটানোর বিভিন্ন কার্যক্রম চলমান আছে।

## পানি সরবরাহ ব্যবস্থাপনার উন্নয়ন

**সম্মানিত উপস্থিতি,**

